

আজ জেগে উঠতে পারেন মেয়র আনিসুল হক

✍ কালের কণ্ঠ অনলাইন



অ +

অ -



লন্ডনের একটি হাসপাতালে চিকিৎসাধীন ঢাকা উত্তরের মেয়র আনিসুল হক এখনো অচেতন ভাবে ঘুমিয়ে আছেন। বৃহস্পতিবার বিকেল নাগাদ তাকে জাগিয়ে তোলার চেষ্টা করা হবে বলে জানিয়েছেন আনিসুল হকের ব্যক্তিগত সচিব (পিএস) মিজানুর রহমান।

মিজান বলেন, গত দুই দিন ধরে স্যারের (আনিসুল হক) ওপর প্রয়োগ করা ওষুধের মাত্রা কমিয়ে আনা হয়েছে। চিকিৎসকরা জানিয়েছেন, বাংলাদেশ সময় বিকেল ৩-৪টার দিকে স্বাভাবিকভাবেই ঘুম থেকে উঠবেন আনিসুল হক।

২৯ জুলাই ব্যক্তিগত সফরে সপরিবারে মেয়র আনিসুল লন্ডনে যান। অসুস্থ হয়ে পড়লে ১৩ আগস্ট তাকে হাসপাতালে ভর্তি করা হয়।

লন্ডনের চিকিৎসকরা জানিয়েছেন, তিনি সেরিব্রাল ভাসকুলাইটিস

(মস্তিষ্কের রক্তনালীর প্রদাহ) রোগে আক্রান্ত। মেয়রের পারিবারিক সূত্র জানায়, মেয়র আনিসুল হক আগে থেকেই কিছুটা অসুস্থ ছিলেন।

তবে চিকিৎসকরা তার সমস্যাটা ঠিক ধরতে পারেননি।